
ভূমিকা

# বার্ষিক প্রতিবেদন
## ২০১৯-২০২০

সেতু বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



"সামরিক ও অসামরিক সকল পর্যায়ে সরকারি কর্মচারীদের প্রতি আমার আহবান ও নির্দেশ, তাঁরা যেন সৎ পথে থেকে নিঃস্বার্থভাবে তাঁদের কর্তব্য পালন করেন এবং দূর্গত মানুষের সেবা করেন। আজ বাংলাদেশের সকল নাগরিককে এক লক্ষ্যে, এক প্রেরণায় ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে"।

(১৯৭৪ সালের ১৮ আগস্ট দেশবাসীর উদ্দেশ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রদত্ত ভাষণ থেকে উদ্ধৃত)



"আমি ঘোষণা দিয়েছিলাম, নিজস্ব অর্থায়নে আমরা এ পদ্মা সেতু নির্মাণ করবো। আল্লাহর রহমতে সেই পদ্মা সেতু আমরা বাংলাদেশের জনগণ, আমরা আমাদের নিজের টাকায় এই বৃহৎ সেতু নির্মাণের কাজ শুরু করেছি"

২০১৫ সালের ১২ ডিসেম্বর "পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প"-এর মূল সেতু নির্মাণ কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এর প্রদত্ত ভাষণ থেকে উদ্ধৃত



# বাণী

**মন্ত্রী**
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

---

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগ কর্তৃক ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ হতে যাচ্ছে জেনে আমি খুবই আনন্দিত।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষ এবং স্বাধীনতার রজতজয়ন্তী সামনে রেখে সেতু বিভাগের মেগা প্রকল্পসমূহ বাস্তবায়নের কাঙ্ক্ষিত অগ্রগতির মধ্য দিয়ে ২০১৯-২০২০ অর্থবছরের প্রথমার্ধ অতিবাহিত হলেও বৈশ্বিক মহামারি কোভিড ১৯-এর আঘাতে দ্বিতীয়ার্ধের প্রথম পর্যায়ে কাজের গতি কিছুটা সীমিত হয়ে পড়ে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব ও সঠিক দিকনির্দেশনায় করোনাজনিত আকস্মিক স্থবিরতা কাটিয়ে সেতু বিভাগের চলমান সকল মেগা প্রকল্প বাস্তবায়নে কর্মচাঞ্চল্য ফিরে এসেছে।

সব প্রতিকূলতাকে জয় করে পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের কাজ পুরোদমে এগিয়ে চলছে। ইতোমধ্যে ৪১টি স্প্যানের মধ্যে ৩১টি স্প্যান স্থাপন সম্পন্ন হয়েছে এবং সেতুর ৪.৬৫ কিলোমিটার দৃশ্যমান হয়েছে। জুন ২০২০ পর্যন্ত মূল সেতুর ৮৯% এবং নদীশাসন কাজের ৭৩% সহ সার্বিক ভৌত অগ্রগতি ৮০.৫০%। চট্টগ্রামের কর্ণফুলী নদীর তলদেশ দিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল নির্মাণ কাজও দ্রুত গতিতে এগিয়ে চলছে। ইতোমধ্যে ২.৪৫ কিলোমিটার দীর্ঘ একটি টিউবের খনন কাজ সম্পন্ন হয়েছে। এ প্রকল্পের এ পর্যন্ত অগ্রগতি ৫৬%। ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দর হতে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুতুবখালী পযন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ কাজেও গতি ফিরে পেয়েছে। আশা করা যায় যথাসময়ে প্রকল্পটি সমাপ্ত হবে।

বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০২১ বাস্তবায়নের মধ্য দিয়ে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীতকরণ, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জন, ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ এবং ২১০০ সালের মধ্যে 'নিরাপদ জলবায়ু পরিবর্তন অভিঘাতসহিষ্ণু সমৃদ্ধশালী বদ্বীপ' গড়ে তোলার ভিশন বাস্তবায়নে সেতু বিভাগ অঙ্গীকারবদ্ধ।

আমি বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০২০ প্রকাশ কার্যক্রমের সার্বিক সাফল্য কামনা করছি এবং এর সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

ওবায়দুল কাদের, এমপি



# বাণী

**সচিব**
সেতু বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

আর্থ-সামাজিক উন্নয়নের অন্যতম পূর্বশর্ত হলো দেশের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন। সেতু বিভাগ নিরাপদ ও সাশ্রয়ী যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশ ইতোমধ্যে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের মর্যাদা লাভ করেছে এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশের কাতারে শামিল হওয়ার পথে সঠিকভাবে এগিয়ে যাচ্ছে। আর এসব অর্জনের অগ্রভাগে থেকে সুদৃঢ় নেতৃত্ব দিচ্ছেন বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উন্নয়নের গতি সঞ্চারের লক্ষ্যে পূর্ববর্তী দুই মেয়াদে দায়িত্ব পালনকারী বর্তমান মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বিভিন্ন মেগা প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন করা হচ্ছে।

দেশের সড়ক যোগাযোগ নেটওয়ার্ক উন্নয়নে অবকাঠামো নির্মাণ গুরুত্বপূর্ণ অবদান রাখবে। এ লক্ষ্যে সেতু বিভাগ বিভিন্ন মেগা প্রকল্প গ্রহণ করেছে। এর মধ্যে উল্লেখযোগ্য পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প। মাননীয় প্রধানমন্ত্রীর সাহসী ও দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্ব ও দৃঢ় সিদ্ধান্ত গ্রহণের ফলেই বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে স্বপ্নের পদ্মা সেতুর নির্মাণ কাজ শুরু করা হয়। এ ছাড়া কর্ণফুলী নদীর তলদেশে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল, ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণসহ ঢাকা শহরে ২৫৩ কিলোমিটার সাবওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা চলমান রয়েছে। অন্যদিকে দেশের বিভিন্ন স্থানে কিছু বৃহৎ সেতু নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করা হয়েছে।

বাংলাদেশের সর্ববৃহৎ সড়ক যোগাযোগ অবকাঠামো পদ্মা সেতু প্রকল্পের এ পর্যন্ত ৮০.৫০ শতাংশ ভৌত অগ্রগতি সাধিত হয়েছে। সেতুর ৪১টি স্প্যানের মধ্যে ৩৫টি স্প্যান স্থাপনের মাধ্যমে ৪.৬৫ কিলোমিটার দৃশ্যমান হয়েছে। সব প্রতিকূলতাকে জয় করে স্বপ্নের পদ্মা সেতু আজ দৃশ্যমান বাস্তবতা। পদ্মা সেতু নির্মিত হলে জাতীয় জিডিপি প্রবৃদ্ধির হার ১.২% বৃদ্ধি পাবে এবং প্রতি বছর ০.৮৪% হারে দারিদ্র নিরসনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। অন্যদিকে বাংলাদেশের প্রথম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলের ৫৬% ভৌত কাজ ইতোমধ্যে সম্পাদিত হয়েছে এবং ২০২২ সালের ডিসেম্বর নাগাদ এই টানেলের নির্মাণ কাজ সম্পন্ন হবে আশা করা যায়।

সেতু বিভাগ আরো কিছু মেগা প্রকল্প বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করেছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো ভুলতা-আড়াই হাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ, বরিশাল-ভোলা সড়কে কালাবদর ও তেতুলিয়া নদীর উপর সেতু নির্মাণ এবং ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ।

সেতু বিভাগের গৃহীত উন্নয়নমূলক কার্যক্রম দেশের সুষ্ঠু ও সমন্বিত যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে দেশের দারিদ্র নিরসন এবং আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

সেতু বিভাগের সার্বিক কার্যক্রমের ওপর ভিত্তি করে প্রণীত ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মোহাম্মদ বেলায়েত হোসেন

■ প্রকাশকাল
সেপ্টেম্বর ২০২০

■ প্রকাশনা ও স্বত্ব
সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

■ উপদেষ্টা
জনাব ওবায়দুল কাদের
মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

■ সার্বিক নির্দেশনায়
জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন
সচিব, সেতু বিভাগ

■ সম্পাদনা পরিষদ

| | | |
|---|---|---|
| ১. | জনাব মো: আনোয়ার হোসেন, অতিরিক্ত সচিব, সেতু বিভাগ | আহ্বায়ক |
| ২. | জনাব মো: রেজাউল হায়দার, পরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য |
| ৩. | জনাব রশিদুল হাসান, যুগ্ম সচিব (উন্নয়ন), সেতু বিভাগ | সদস্য |
| ৪. | জনাব আলতাফ হোসেন সেখ, অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য |
| ৫. | জনাব এইচ.এম রকিব হায়দার, উপসচিব (প্রশাসন), সেতু বিভাগ | সদস্য |
| ৬. | জনাব মো: আবুল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য |
| ৭. | জনাব মোঃ নূর ইয়াসিন, সহকারী পরিচালক (সেইফগার্ড), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য-সচিব |

■ প্রচ্ছদ পরিকল্পনা
সম্পাদনা পরিষদ

■ ডিজাইন
ওয়েভ্‌স এন্ড লিরিক্স

■ মুদ্রণ
মাটি আর মানুষ

# সূচিপত্র


| ক্রম. | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | **সেতু বিভাগ** | |
| ২.১ | রূপকল্প | ১৫ |
| ২.২ | অভিলক্ষ্য | ১৫ |
| ২.৩ | কৌশলগত উদ্দেশ্যসমূহ | ১৫ |
| ২.৪ | Allocation of Business | ১৫ |
| ২.৫ | সাংগঠনিক কাঠামো | ১৭ |
| ২.৬ | জনবল | ১৮ |
| ২.৭ | বিভিন্ন অধিশাখার কার্যপরিধি | ১৮ |
| ২.৭.১ | প্রশাসন অধিশাখা | ১৮ |
| ২.৭.২ | বাজেট অধিশাখা | ১৯ |
| ২.৭.৩ | উন্নয়ন অধিশাখা | ২০ |
| ২.৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন | ২১ |
| ২.৯ | সেতু বিভাগের উল্লেখযোগ্য অর্জন | ২২ |
| ২.৯.১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ২২ |
| ২.৯.২ | জাতীয় শুদ্ধাচার কৌশল | ২২ |
| ২.৯.৩ | মধ্যমেয়াদি বাজেট | ২২ |
| ২.৯.৪ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি | ২৩ |
| ২.৯.৫ | পরিচালন বাজেট | ২৩ |
| ২.৯.৬ | তথ্য প্রযুক্তির উন্নয়ন | ২৩ |
| ২.৯.৬.১ | ই-সেবা | ২৩ |
| ২.৯.৬.২ | সেবা সহজীকরণ | ২৪ |
| ২.৯.৬.৩ | ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প | ২৪ |
| ২.৯.৬.৪ | উদ্ভাবন | ২৪ |
| ২.৯.৭ | ICT প্রশিক্ষণ ও ই-নথি কার্যক্রম | ২৫ |
| ২.১০ | আইন, বিধি ও নীতিমালা | ২৫ |
| ২.১১ | তথ্য অধিকার | ২৫ |
| ২.১২ | অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS) | ২৭ |
| ২.১৩ | ২০১৯-২০২০ অর্থবছরে কর্মরত ১-৯ গ্রেডের কর্মকর্তাগণের নামের তালিকা | ২৭ |
| | **সেতু বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থা** | |
| ৩.১ | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ও প্রধান কার্যাবলী | ২৯ |
| ৩.২ | সাংগঠনিক কাঠামো | ২৯ |
| ৩.৩ | জনবল | ৩০ |
| ৩.৪ | নিয়োগ ও পদোন্নতি | ৩০ |
| ৩.৫ | বিভিন্ন অনুবিভাগের কার্যপরিধি | ৩০ |
| ৩.৫.১ | প্রশাসন অনুবিভাগ | ৩০ |
| ৩.৫.২ | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ | ৩১ |
| ৩.৫.৩ | অর্থ ও হিসাব অনুবিভাগ | ৩২ |
| ৩.৫.৪ | কারিগরি অনুবিভাগ | ৩৩ |
| ৩.৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen’s Charter) | ৩৩ |
| ৩.৭ | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উল্লেখযোগ্য অর্জন | ৩৪ |
| ৩.৭.১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ৩৪ |
| ৩.৭.২ | জাতীয় শুদ্ধাচার কৌশল | ৩৪ |
| ৩.৭.৩ | রাজস্ব আয় এবং ব্যয় | ৩৪ |

| | | |
|---|---|---|
| ৩.৭.৪ | সংস্থার নিজস্ব অর্থায়নে এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাজেট বাস্তবায়ন অগ্রগতি | ৩৪ |
| ৩.৭.৫ | নিজস্ব অর্থায়নে গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহের বাজেট বাস্তবায়ন অগ্রগতি | ৩৫ |
| ৩.৭.৬ | ইন-হাউজ প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা | ৩৮ |
| ৩.৭.৭ | বহিঃঅফিস প্রশিক্ষণ | ৩৯ |
| ৩.৭.৮ | ICT প্রশিক্ষণ ও ই-নথি কার্যক্রম | ৩৯ |
| ৩.৭.৯ | বিনোদন ও ক্রীড়া প্রতিযোগিতা | ৩৯ |
| ৩.৭.১০ | বঙ্গবন্ধু সেতু হতে আদায়কৃত টোল | ৩৯ |
| ৩.৭.১১ | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ২০১৯-২০২০ অর্থবছরের গুরুত্বপূর্ণ অর্জন | ৪০ |
| ৩.৮ | অডিট আপত্তি | ৪১ |
| ৩.৯ | মামলা সংক্রান্ত তথ্যাদি | ৪১ |
| ৩.১০ | তথ্য অধিকার | ৪২ |
| ৩.১১ | অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS) | ৪৩ |
| ৩.১২ | বাস্তবায়িত উল্লেখযোগ্য প্রকল্পসমূহ | ৪৩ |
| ৩.১২.১ | বঙ্গবন্ধু সেতু | ৪৩ |
| ৩.১২.২ | ঢাকা-মুন্সীগঞ্জ সড়কে ধলেশ্বরী নদীর উপর মুক্তারপুর (৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী) সেতু | ৪৪ |
| ৩.১৩ | চলমান উল্লেখযোগ্য প্রকল্প | ৪৪ |
| ৩.১৩.১ | পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প | ৪৪ |
| ৩.১৩.২ | কর্ণফুলী নদীর তলদেশে টানেল নির্মাণ | ৪৬ |
| ৩.১৩.৩ | সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রজেক্ট | ৪৬ |
| ৩.১৩.৪ | গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (এলিভেটেড অংশ) | ৪৬ |
| ৩.১৩.৫ | ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প | ৪৬ |
| ৩.১৩.৬ | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মানব সম্পদ উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্প | ৪৭ |
| ৩.১৩.৭ | ঢাকা শহরে সাবওয়ে নির্মাণ সম্ভাব্যতা সমীক্ষা | ৪৭ |
| ৩.১৪ | পিপিপি প্রকল্প ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রজেক্ট | ৪৮ |
| ৩.১৫ | অনুমোদিত নতুন প্রকল্পসমূহ | ৪৯ |
| ৩.১৫.১ | কচুয়া-বেতাগী-পটুয়াখালী সড়কে পায়রা নদীর উপর সেতু নির্মাণ | ৪৯ |
| ৩.১৫.২ | বাংলাদেশ সেতু কতৃপক্ষের মাস্টারপ্ল্যান প্রণয়ণ এবং নতুন সেতু ও ইনার এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা প্রকল্প | ৪৯ |
| ৩.১৬ | প্রক্রিয়াধীন উল্লেখযোগ্য প্রকল্পসমূহ | ৪৯ |
| ৩.১৬.১ | ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প | ৪৯ |
| ৩.১৬.২ | বরিশাল-ভোলা সড়কে কালাবদর ও তেতুলিয়া সেতু নির্মাণ প্রকল্প | ৪৯ |
| ৩.১৬.৩ | ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প | ৫০ |
| ৩.১৭ | সেতুর টোল হার | ৫০ |
| ৩.১৭.১ | বঙ্গবন্ধু সেতু | ৫০ |
| ৩.১৭.২ | ঢাকা-মুন্সীগঞ্জ সড়কে ধলেশ্বরী নদীর উপর মুক্তারপুর (৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী) সেতু | ৫০ |
| ৩.১৮ | ২০১৯-২০২০ অর্থবছরে কমর্রত ১-৯ গ্রেডের কর্মকর্তাগণের নামের তালিকা | ৫০ |
| ৩.১৯ | সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষে গৃহীত গুরুত্বপূর্ণ কার্যক্রমের স্থির চিত্র | ৫১ |
| ৩.২০ | উপসংহার | ৭৩ |


## পরিশিষ্ট


| | |
|---|---|
| পরিশিষ্ট-ক ঃ সেতু বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের বর্ষিক কর্মসম্পাদন চুক্তি | ৭৪ |
| পরিশিষ্ট-খ ঃ বাংলদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাদের তালিকা | ৭৮ |
| পরিশিষ্ট-গ ঃ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নাগরিক সেবা প্রদান প্রতিশ্রুতি | ৮১ |
| পরিশিষ্ট-ঘ ঃ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা | ৯৩ |

# ভূমিকা

নদীমাতৃক বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে সুষ্ঠ, নিরাপদ, সময় সাশ্রয়ী, সুলভ ও সমন্বিত যাতায়াত ব্যবস্থা গড়ে তোলার বিকল্প নেই। এ লক্ষ্যে ১৯৯৬ সালের ২৩ শে জুন আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী সে সময় দায়িত্বে থাকায় তাঁর ঐকান্তিক প্রচেষ্টায় ১৯৯৮ সালের ২৩শে ৪.৮ কিলোমিটার দীর্ঘ বঙ্গবন্ধু সেতুর নির্মাণ কাজ সমাপ্ত হয় এবং সেতুটি যানবাহন পারাপারের জন্য খুলে দেওয়া হয়। বঙ্গবন্ধু সেতু দেশের অর্থনৈতিক উন্নয়নে মাইলফলক হিসেবে কাজ করছে। পরবর্তীতে রাজধানী ঢাকা শহরের সাথে পার্শ্ববর্তী মুন্সীগঞ্জ জেলার সরাসরি যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ঢাকা-মুন্সীগঞ্জ সড়কে ধলেশ্বরী নদীর ওপর ১৫২১ মিটার দীর্ঘ মুক্তারপুর (৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী) সেতু নির্মাণ করা হয়।

২০০৮ সালের ৩১ মার্চ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীনে সেতু বিভাগ সৃষ্টি করা হয়। এ বিভাগের মূল কাজ হলো ১৫০০ মিটার ও তদূর্ধ্ব দৈঘ্যের সেতু, টানেল ও এলিভেটেড এক্সপ্রেসওয়ে এবং ফ্লাইওভার, কজওয়ে, সাবওয়ে, লিংক রোড ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণ। সেতু বিভাগের আওতায় নির্মিত বঙ্গবন্ধু সেতু ও মুক্তারপুর সেতু দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে একটি উন্নত দেশে উন্নীতকরণে সড়ক যোগাযোগ অবকাঠামো নির্মাণ গুরুত্বপূর্ণ অবদান রাখবে। এ লক্ষ্যে সেতু বিভাগ বিভিন্ন মেগা প্রকল্প গ্রহণ করেছে। এর মধ্যে পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প অন্যতম। বর্তমান আওয়ামী লীগ সরকার ২০০৯ সালে ক্ষমতায় আসার পর পদ্মা সেতু প্রকল্প-কে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করে। মাননীয় প্রধানমন্ত্রীর সাহসী ও দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্ব ও দৃঢ় সিদ্ধান্ত গ্রহণের ফলেই বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে পদ্মা সেতুর নির্মাণ কাজ শুরু করা হয়। পদ্মা সেতু জাতীয় জিডিপি বৃদ্ধি এবং দারিদ্র নিরসনের মাধ্যমে দেশের আর্থ সামাজিক উন্নয়নে মাইল ফলক হিসেবে কাজ করবে।

বর্তমান আওয়ামী লীগ সরকার পূর্ববর্তী মেয়াদে অর্থাৎ ২০০৯ সালে ক্ষমতায় আসার পর বাংলাদেশে প্রথম কর্ণফুলী নদীর তলদেশে টানেল নির্মাণের প্রদক্ষেপ গ্রহণ করা হয়। এ পদক্ষেপ বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর চীন সফরকালে ২০১৪ সালের জুন মাসে টানেল নির্মাণে চীন সরকারের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। টানেলের দুটি টিউবের মধ্যে ইতোমধ্যে একটি টিউবের কাজ সম্পন্ন হয়েছে এবং ২০২২ সালের ডিসেম্বর নাগাদ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল যানবাহন চলাচলের জন্য খুলে দেয়া সম্ভব হবে আশা করা যায়। এটি এশিয়ান হাইওয়ে-এর সাথেও সংযুক্ত হবে। চট্টগ্রাম শহরের যানজট নিরসন এবং ঢাকার সাথে চট্টগ্রাম ও কক্সবাজারের সরাসরি সড়ক যোগাযোগ উন্নয়নে এই টানেল গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

সেতু বিভাগ সৃষ্টির পর পদ্মা সেতু এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল ছাড়াও আরো কিছু মেগা প্রকল্প যেমন; ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে, বিআরটি এলিভেটেড লেন নির্মাণ এবং ঢাকা শহরে সাবওয়ে নির্মাণে ২৩৮ কিলোমিটার নেটওয়ার্কের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার পদক্ষেপ গ্রহণ করা হয়। এগুলো বর্তমানে বাস্তবায়নাধীন রয়েছে এবং যথাসময়ে সম্পন্ন হবে আশা করা যায়।

সেতু বিভাগের আওতাধীন সংস্থা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জন্য ৩০ বছর মেয়াদী মাস্টারপ্যান প্রণয়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর ফলে কর্তৃপক্ষের কার্যপরিধি অনুযায়ী প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন সহজতর হবে। এ কর্তৃপক্ষের অধীনে আরো কিছু মেগা প্রকল্প যেমন; মূল ভূখন্ড থেকে বিচ্ছিন্ন ভোলা জেলার সাথে সরাসরি সড়ক যোগাযোগ স্থাপনের লক্ষ্যে সেতু নির্মাণ, ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ এবং ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ। তাছাড়া শরীয়তপুর ও চাঁদপুরের মধ্যে সরাসরি সড়ক যোগাযোগ স্থাপনের লক্ষ্যে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ, ঢাকা ইনার সার্কুলার এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ এবং লক্ষীপুর ও ভোলা জেলার মধ্যবর্তী মেঘনা নদীর উপর সেতু নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

রূপকল্প ২০৪১ বাস্তবায়ন এবং এসডিজির লক্ষ্যমাত্রা অর্জনে সেতু বিভাগের গৃহীত কার্যক্রম কার্যকরী ভূমিকা রাখবে। বর্তমান সরকারের অঙ্গীকার ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে উন্নীতকরণের লক্ষ্যে অর্থনৈতিক প্রবৃদ্ধির হার সমুন্নত ও নিশ্চয়তা প্রদান করতে সেতু বিভাগের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

# সেতু বিভাগ

## ২.১ রূপকল্প

দেশব্যাপী নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) নেটওয়ার্ক।

## ২.২ অভিলক্ষ্য

১৫০০ মিটার ও তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, টোলরোড, টানেল, ফ্লাইওভার, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, কজওয়ে, সাবওয়ে, রিংরোড ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণ ও এর দক্ষতা বৃদ্ধি করা।

## ২.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা ;
২. পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি করা এবং
৩. বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা।

## 2.4 Allocation of Business

- All matters relating to planning (including feasibility study) implementation monitoring and evaluation of construction of bridges of 1500m or over, toll road, flyover, expressway, causeway, link road etc;
- Undertake steps to secure required funds both from external and internal sources for the implementation of such plan;
- Take all necessary steps to enter into agreements with various agencies for securing funds for the implementation of the bridge projects and other projects Jamuna Multipurpose Bridge subject to the approval of the Government;
- Enter into contracts/agreements with contractors and consultants as approved by the Government for the execution of different components of such projects;
- Operation and maintenance of the Multipurpose Bridge and other projects and allow other agencies like Bangladesh Railway, GTCL, PDB and T&T Board, mobile operator etc, to operate and maintain the facilities located within the designated area and enter into contracts with concerned agencies including private concerns for the purposes;
- Determine and collect tolls for various classes of traffic using the Multipurpose Bridges, Toll Roads etc;
- Take steps to secure and control development within the designated areas and controlled zones at the entry and exit terminal ends of the Multipurpose Bridges;

- Employ and use traffic officers and use other officials to enforce the by-laws, collect tolls and carry out such duties as the Division may consider necessary to discharge its function;

- Appointment, promotion and administration of all officers and staffs in NNS grade 10-20;

- Liaison with International Organizations and matters relating to treaties and agreements with other countries and world bodies relating to subjects allotted to thisDivision;

- Laws on subjects allocated to the Division;

- Inquiries and Statistics on any of the subjects allocated to this Division;


- All Fees and tolls in respect of any of the subjects allocated to this Division except fees taken in courts;

- Secretariat administration including financial matters;

- Administration and control of subordinate offices and organisations under this Division and

- Matters relating to Bangladesh Bridge Authority.

## ২.৫ সাংগঠনিক কাঠামো


সচিব
১-সচিব
১-একান্ত সচিব
১-ব্যক্তিগত কর্মকর্তা
১-অফিস সহঃ-কাম-কম্পিউটার মুদ্রা:
১-অফিস সহায়ক
যুগ্মসচিব (প্রশাসন)
১-যুগ্মসচিব
১-ব্যক্তিগত কর্মকর্তা
১-অফিস সহায়ক
যুগ্মসচিব(উন্নয়ন)
১-যুগ্মসচিব
১-ব্যক্তিগত কর্মকর্তা
১-অফিস সহায়ক
উপসচিব (প্রশাসন)
১-উপসচিব
১-ব্যক্তিগত কর্মকর্তা
১-অফিস সহায়ক
উপসচিব (বাজেট)
১-উপসচিব
১-ব্যক্তিগত কর্মকর্তা
১-অফিস সহায়ক
সিস্টেম এনালিস্ট
১-সিস্টেম এনালিস্ট
৪-কম্পিউটার অপারেটর
১-অফিস সহায়ক
উপসচিব (উন্নয়ন)
১-উপসচিব
১-ব্যক্তিগত কর্মকর্তা
১-অফিস সহায়ক
সিঃ সহঃ সচিব (প্রশাসন)
১-সিঃ সহঃ সচিব
১-প্রশাসনিক কর্মকর্তা
১-কম্পিউটার অপারেটর
১-অফিস সহায়ক
সিঃ সহঃ সচিব (আইন)
১-সিনিয়র সহকারী সচিব
১-প্রশাসনিক কর্মকর্তা
১-অফিস সহঃ-কাম-কম্পিউটার মুদ্রা:
১-অফিস সহায়ক
১-প্রোগ্রামার
১-সহঃ প্রোগ্রামার
১-সহঃ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সিঃ সহঃ সচিব (উন্নয়ন)
১-সিঃ সহঃ সচিব
১-প্রশাসনিক কর্মকর্তা
১-কম্পিউটার অপারেটর
১-অফিস সহায়ক
কমন
১-অফিস সহায়ক
সিঃ সহঃ সচিব-বাজেট ১
১-সিঃ সহঃ সচিব
১-প্রশাসনিক কর্মকর্তা
১-অফিস সহঃ-কাম-কম্পিউটার মুদ্রা:
১-অফিস সহায়ক
সিঃ সহঃ সচিব-বাজেট ২
১-সিঃ সহঃ সচিব
১-প্রশাসনিক কর্মকর্তা
১-অফিস সহঃ-কাম-কম্পিউটার মুদ্রা:
১-অফিস সহায়ক
হিসাব শাখা
১-হিসাব রক্ষক
১-ক্যাশ সরকার

## ২.৬ জনবল

| অনুমোদিত পদ | | | পুরোণকৃত পদ | | | শূন্যপদ | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী |
| ৫২ | ২৭ | ২৫ | ২৮ | ১১ | ১৭ | ২৪ | ০৭ | ১৭ |

## ২.৭ সেতু বিভাগের বিভিন্ন অধিশাখার কার্যাবলী

### ২.৭.১ প্রশাসন অধিশাখা

- প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা প্রয়োগ;
- কর্তৃপক্ষের পক্ষে দেশী-বিদেশী সকল সংস্থার সংগে চুক্তি স্বাক্ষর;
- সেতু বিভাগের অধীন প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন;
- বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর, সংস্থা ইত্যাদি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ ও সমন্বয়।
- আন্তঃমন্ত্রণালয় সভা, সেমিনার, প্রশিক্ষণ, ওয়ার্কশপ আয়োজন এবং বিভিন্ন সভা, সেমিনার, ওয়ার্কশপে কর্মকর্তা/কর্মচারীদের মনোনয়ন ও বিভিন্ন কমিটি প্রণয়ন গঠন ;
- কর্মকর্তা ও কর্মচারীদের বিদেশ ভ্রমনে সরকারি আদেশ জারি ও পাসপোর্ট-এর জন্য অনাপত্তি প্রদান ও প্রকল্পে কমব্রত বিদেশী নাগরীকদের ভিসা প্রসেসিং কার্যক্রম;
- বিভাগের জন্য আবশ্যকীয় অধ্যাদেশ, রেগুলেশনস প্রণয়ন, অনুমোদন, জারী ইত্যাদি;
- আইনগত উদ্ভূত বিষয়ের ওপর আইন উপদেষ্টা ও সংশিষ্ট সংস্থার মতামত গ্রহণ;
- অফিস সরঞ্জাম, কম্পিউটার, প্রিন্টার, ফ্যাক্স ইত্যাদিসহ যাবতীয় যন্ত্রপাতি, স্টেশনারী ক্রয় ও রক্ষণাবেক্ষণ এবং ভান্ডার পরিদর্শন ও ব্যবস্থাপনা;
- টেলিফোন, ফ্যাক্স, ই-মেইল সংযোজন ও রক্ষণাবেক্ষণ;
- বিভাগের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ, পদোন্নতি, বদলী, অর্জিত ছুটি মঞ্জুর, সার্ভিস রেকর্ড সংরক্ষণ, বার্ষিক বেতন বৃদ্ধি মঞ্জুর, ৪র্থ শ্রেণী কর্মচারীদের লিভারীজ প্রদানসহ সকল প্রকার ব্যক্তিগত কার্যক্রম সম্পাদন;
- কর্মকর্তা-কর্মচারীদের হাজিরা নিশ্চিতকরণ;
- গৃহ নির্মাণ ঋণ প্রদান;
- কোটাভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে সরকারি বাসা বরাদ্দ প্রদান;
- বিভাগের যানবাহন ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং সকল যানবাহনের জ্বালানী সংগ্রহসহ পুলের যানবাহনের জ্বালানী তেল, লুব্রিকেন্ট ও অন্যান্য আনুষঙ্গিক জ্বালানী স্লিপ ইস্যুকরণ;
- বিভাগের লাইব্রেরীর জন্য দৈনিক পত্রিকা, বইপত্র, জার্নাল, ম্যাগাজিন, সাময়িকি ইত্যাদি ক্রয় ও সংরক্ষণ;
- আইন/বিধি-বিধান/নীতিমালা প্রণয়ন সংক্রান্ত যাবতীয় কার্যাদি;
- বিভাগের বিভিন্ন প্রকাশনা এবং বিবিধ প্রশাসনিক কার্যাবলী;
- জাতীয় সংসদের কাউন্সিল অফিসার, বিকল্প কাউন্সিল অফিসার নিয়োগ ও প্রশ্নোত্তর প্রদান;
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, উদ্ভাবন কর্মপরিকল্পনা, সুশাসন, সেবা সহজিকরণ, জাতীয় শুদ্ধাচার কৌশল,অভিযোগ প্রতিকার ব্যবস্থা, উত্তম চর্চা এর বাৎসরিক প্রতিবেদন প্রস্তুত, কার্যসম্পাদন, মনিটরিং ও বাস্তবায়ন;
- নৈতিকতা কমিটির নিয়মিত সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন;
- এসডিজি টিম গঠন, ফোকাল পয়েন্ট নির্ধারণ, এ্যাকশন প্ল্যান প্রস্তুতকরণ ও বাস্তবায়ন;
- জাতীয় নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ, মাসিক ও জরুরী প্রতিবেদন প্রেরণ;

- Rules of Business, Allocation of Business, Secretarial Instructions অনুসারে এবং সময়ে সময়ে সরকারের অন্যান্য আদেশ প্রাপ্তি সাপেক্ষে সরকারি কার্যক্রম বাস্তবায়ন;
- কল্যাণ কর্মকর্তা নিয়োগ ও পেনশন সহজীকরণসহ অন্যান্য কল্যাণমূলক কার্যক্রম বাস্তবায়ন;
- তথ্য প্রযুক্তি ও ই-নথি বিষয়ে প্রশিক্ষণের আয়োজন ও এতদসংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন;
- তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী আপীল কর্তৃপক্ষ, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা নিয়োগ, জনসাধারণের আবেদনের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ এবং
- বার্ষিক ক্রয় পরিকল্পনা এবং কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।

### ২.৭.২ বাজেট অধিশাখা

- মন্ত্রণালয়/বিভাগের বাজেট সংশিষ্ট স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতি এবং পরিকল্পনা/কর্মপরিকল্পনা প্রণয়ন ও হালনাগাদকরণ;
- মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো প্রণয়ন ও হালনাগাদকরণ;
- সচিবালয় এবং সংযুক্ত/অধিন দপ্তর/সংস্থার রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা নির্ধারণ;
- রাজস্ব আয়, অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রস্তুত ও ডাটা এন্ট্রি;
- রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির প্রস্তাব প্রণয়ন/পর্যালোচনা ও অনুমোদনের জন্য বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন;
- আগাম সংগ্রহ পরিকল্পনা (Advance Procurement Plan)-সহ মন্ত্রণালয়/বিভাগ ও নিয়ন্ত্রনাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের জন্য বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
- রাজস্ব আহরণ ও অর্থ ছাড়সহ বাজেটে বরাদ্দকৃত সম্পদের ব্যবহার সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ, বিশ্লেষণ এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন;
- পরিকল্পনা/উন্নয়ন অনুবিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে মাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণের অগ্রগতি এবং অধিদপ্তর/সংস্থাওয়ারি সকল কার্যক্রম/প্রকল্প/কর্মসূচির বাস্তবায়ন (Financial and Non-Financial) অগ্রগতি পর্যালোচনা;
- প্রধান কর্মকৃতি নির্দেশক (কেপিআই) এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জনসহ বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ;
- অর্থবিভাগ প্রণীত নির্দেশনা এবং ছক অনুযায়ী বাজেট বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন;
- পুন:উপযোজনসহ মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত আর্থিক ক্ষমতার যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ;
- অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব (প্রয়োজন হলে) পরীক্ষা-নিরীক্ষাপূর্বক অর্থ বিভাগে প্রেরণ;
- অর্থ বরাদ্দ ও ব্যবহার সংক্রান্ত তথ্যাদি মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের ওয়েবসাইটে নিয়মিতভাবে প্রকাশকরা;
- বিভাগীয় হিসাবের (Departmental Accounts) সাথে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ের হিসাবের সংগতিসাধন;
- মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উপযোজন হিসাব প্রণয়ন এবং নিরীক্ষা প্রত্যয়নের জন্য মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণ;
- সরকারি হিসাব সম্পর্কিত কমিটি (PAC) এবং অন্যান্য সংসদীয় স্থায়ী কমিটির জন্য বাজেট ও আর্থিক বিষয়ে প্রতিবেদন প্রস্তুতকরণ;
- যে সকল মন্ত্রণালয়ে/বিভাগে পৃথক অডিট শাখা নেই সেগুলোর ক্ষেত্রে অভ্যন্তরীণ ও বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা, নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং প্রযোজ্য ক্ষেত্রে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে প্রশাসনিক ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে সমন্বয়সাধন;
- বাজেট ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সাথে সমন্বয় রক্ষা করা;

- বাজেট ব্যবস্থাপনা কমিটি, বাজেট ওয়ার্কিং গ্রুপ এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির উপ-কমিটিকে (যদি থাকে) সাচিবিক সহায়তা প্রদান এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ নিশ্চিতকরণ;
- আর্থিক ব্যবস্থাপনার সংস্কার/উন্নয়ন এবং বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয়ে নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের মধ্যে সমন্বয়সাধন;
- আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ এবং প্রধান কর্মকৃতি নির্দেশক (কেপিআই), ফলাফল নির্দেশক সংক্রান্ত তথ্য ও উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ এবং ব্যবস্থাপনার লক্ষ্যে Management Information System (MIS) স্থাপন এবং পরিচালনা/ব্যবস্থাপনা এবং
- বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণসহ আর্থিক ব্যবস্থাপনা সর্ম্পকিত বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দায়িত্ব পালন।

### ২.৭.৩ উন্নয়ন অধিশাখা

- সেতু বিভাগের আওতায় বাস্তবায়নাধীন/বাস্তবায়িতব্য সম্পূর্ণ জিওবি অর্থায়ানে বিনিয়োগ প্রকল্পসমূহের অনুমোদন প্রক্রিয়াকরণ, সংশোধন, প্রশাসনিক অনুমোদন, মেয়াদ বৃদ্ধি, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- সেতু বিভাগের বৈদেশিক সহায়তাপুষ্ট বিনিয়োগ প্রকল্পসমূহের প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন ও প্রশাসনিক অনুমোদন, সমন্বয়সাধন এবং নেগোসিয়েশন;
- এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের ডিপিপি ও আরডিপিপি অধীনস্থ দপ্তর/সংস্থা হতে প্রাপ্তির পর প্রক্রিয়াকরণ।
- উন্নয়ন প্রকল্পে জি টু জি কার্যক্রম বাস্তবায়ন;
- পিপিপি (পাবলিক প্রাইভেট পার্টনারশিপ) সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন;
- প্রকল্পসমূহের জন্য জমি অধিগ্রহণ ও পুনর্বাসন সংক্রান্ত কার্যাবলী;
- উন্নয়ন প্রকল্পের আওতায় সকল ক্রয় কার্যাদি প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন ও ভেরিয়েশন সংক্রান্ত কার্যাদি;
- উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রক্রিয়াকরণ, বাজেট বিভাজন আদেশ জারী এবং অর্থ ছাড়করণ সংক্রান্ত কার্যাদি;
- উন্নয়ন প্রকল্প সংক্রান্ত টিপিপি জরিপ/সম্ভব্যতা সমীক্ষা প্রকল্প প্রস্তাব, পিডিপিপি প্রণয়ন এবং ডিপিসি সভার আয়োজন;
- উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন ও ইআরডি'র সাথে সভার আয়োজন;
- সেতু বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের ডিপিইসি, পিইসি, ডিএসপিইসি, এসপিইসি, স্টিয়ারিং কমিটির সভাসমূহের জন্য প্রয়োজনীয় যাবতীয় কার্যাবলী;
- উন্নয়ন প্রকল্পের ভৌত কাজ, পরিবেশ ও পুনর্বাসন বিষায়াদি মনিটরিং,পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- উন্নয়ন প্রকল্পের আওতায় জনবল নিয়োগ, পদ সৃজন ও সংরক্ষণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;
- সেতু বিভাগের প্রকল্পসমূহের জন্য উপদেষ্টা নিয়োগ/প্রতিস্থাপন সংক্রান্ত কার্যাবলী;
- সালিশী ব্যতিরেকে শাখার সাথে সংশিষ্ট উন্নয়ন প্রকল্পের আওতাধীন ঠিকাদারের যাবতীয় অমীমাংসিত বিষয়াদি নিষ্পত্তিকরণের কার্যাবলী;
- মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত পরিদর্শন সংক্রান্ত নির্দেশনা এবং প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতকরণ;

- সরকারের উন্নয়ন প্রচারণা মূলক উন্নয়ন মেলা/ওয়ার্কশপ/সেমিনার আয়োজন ও অংশগ্রহণ;
- উন্নয়ন পরিকল্পনা/প্রকল্প সংক্রান্ত বিভিন্ন আন্তঃমন্ত্রণালয় সভায় যোগদানের জন্য কর্মকর্তার মনোনয়ন প্রক্রিয়াকরণ;
- আইএমইডি কর্তৃক প্রণীত ছকানুসারে মাসিক, ত্রৈমাসিক, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ছকানুসারে এবং ইআরডির ছকানুসারে প্রকল্প সাহায্য সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত;
- সেতু বিভাগের আওতাধীন উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে পরিকল্পনা কমিশন, আইএমইডি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, একনেক এবং এনইসি-এর চাহিদা মোতাবেক যাবতীয় কার্যাবলী;
- মাসিক উন্নয়ন প্রকল্প পর্যালোচনা সভা আয়োজন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;
- প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি/প্রতিবেদন প্রেরণ;
- সেতু বিভাগের উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী ও Follow-up;
- পঞ্চবার্ষিকি পরিকল্পনা  সংক্রান্ত নানাবিধ প্রতিবেদন প্রণয়ন এবং প্রেরণ;
- জাতীয় সংসদের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিসহ অন্যান্য স্থায়ী কামিটির সভার জন্য প্রতিবেদন প্রণয়ন, ডকুমেন্ট সংগ্রহ এবং প্রেরণ;
- প্রকল্পের সমীক্ষা প্রতিবেদনসহ বিভিন্ন প্রতিবেদন এবং Aide Memorie-এর মতামত প্রদান;
- মহান জাতীয় সংসদে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় অর্থ মন্ত্রীর বাজেট বক্তৃতার অন্তর্ভুক্তির জন্য প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ;
- মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বিদেশ সফর উপলক্ষে ব্রীফ প্রণয়ন ও প্রেরণ;
- সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য সংশ্লিষ্ট বিষয়ের উপর সারসংক্ষেপ প্রণয়ন ও প্রেরণ;
- সচিব কমিটি, মন্ত্রিসভা এবং একনেক সভায় সেতু বিভাগের সচিব মহোদয়ের যোগদান উপলক্ষে সংশ্লিষ্ট বিষয়ের ওপর ব্রীফ প্রস্তুত; এবং
- ঊর্ধ্বতন কর্তৃপক্ষ প্রদত্ত যেকোন দায়িত্ব/নির্দেশাবলী পালন।

## ২.৮ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তের আলোকে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক ১৭ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানসহ প্রযোজ্য ক্ষেত্রে বছরব্যাপী গৃহীত বিভিন্ন কর্মসূচিসমূহ নিম্নরূপঃ

| ক্রম | তারিখ ও সময় | কর্মসূচি/বিবরণ |
|---|---|---|
| ১। | ১০/০১/২০২০ (বিকাল ০৫.০০ টায়) | মুজিব শতবর্ষ ক্ষণগণনা শুরু। |
| ২। | ১৭/০৩/২০২০ (সূর্যোদয়ের সাথে) | সেতু ভবনে জাতীয় পতাকা উত্তোলন। |
| ৩। | ১৭/০৩/২০২০ | সেতু ভবনে আগামী ১৭  মার্চ ২০২০ তারিখ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার তৈরী ও স্থাপন। |
| ৪। | ১৭/০৩/২০২০(জাতীয় অনুষ্ঠানসূচির সাথে সমন্বয় রেখে) | ধানমন্ডিস্থ ৩২নং বাড়িতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন। |
| | | বঙ্গবন্ধু সেতু সংলগ্ন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে শ্রদ্ধাজ্ঞাপন। |
| ৫। | ১৬/০৩/২০২০ (বাদ যোহর) | সেতু ভবনের নামাজের স্থানে বিশেষ মোনাজাতের আয়োজন। |

| | | |
|---|---|---|
| ৬। | ১৭/০৩/২০২০ (দিনব্যাপী) | ১৭ মার্চ ২০২০ তারিখে পদ্মা সেতু সাইট অফিসে জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে শিশু - কিশোর সমাবেশসহ বিভিন্ন অনুষ্ঠান, চিত্রাঙ্কন, আবৃত্তি ও উপস্থিত বক্তৃতা ইত্যাদি আয়োজন। |
| ৭। | ১৭/০৩/২০২০ হতে ২৬/০৩/২০২০ | বঙ্গবন্ধু সেতু, মুক্তারপুর সেতু এবং সেতু ভবনের সৌন্দর্য বর্ধন, ব্যানার, ফ্যাস্টুন ইত্যাদির মাধ্যমে সাজসজ্জাসহ আলোক সজ্জার ব্যবস্থাকরণ। |
| ৮। | ১৭/০৩/২০২০ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত বিশেষভাবে উল্লেখযোগ্য কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র সংরক্ষণ ও প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ। |

## ২.৯ সেতু বিভাগের উল্লেখযোগ্য অর্জন

### ২.৯.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য সরকারী দপ্তর/সংস্থাসমূহে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এরই ধারাবাহিকতায় সিনিয়র সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে ১৩ জুলাই ২০১৯ তারিখে ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়। ২০১৯-২০২০ অর্থবছরের এপিএ'র (পরিশিষ্ট-ক) কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে রয়েছে সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা, পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি করা, বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা, কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি, দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ এবং আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

### ২.৯.২ জাতীয় শুদ্ধাচার কৌশল

সেতু বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০১৯-২০২০ অর্থবছরে নৈতিকতা কমিটির মোট ৪টি সভা, অংশীজনের অংশগ্রহণে ২টি সভা, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত ৩টি এবং সুশাসন সংক্রান্ত ৩টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। তাছাড়া শুদ্ধাচারের আওতায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি, সুশাসন প্রতিষ্ঠা, প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার, ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার, স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ, শুদ্ধাচার সংশিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরে ০২-১০ নম্বর গ্রেডের কর্মকর্তাদের মধ্য থেকে জনাব মোঃ আনোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (উন্নয়ন), সেতু বিভাগ এবং ১১-২০ গ্রেডের কর্মচারীদের মধ্য থেকে জনাব ইসমাইল হোসেন, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক শুদ্ধাচার পুরস্কার লাভ করেন।

### ২.৯.৩ মধ্যমেয়াদী বাজেট

| | অর্থবছর (লক্ষ টাকায়) | | |
|---|---|---|---|
| বাজেটের ধরণ | ২০১৯ - ২০২০ | ২০২০ - ২০২১ | ২০২১ - ২০২২ (প্রক্ষেপণ) |
| পরিচালন | ৩৫১.০০ | ৫৭৬.০০ | ১০০০.০০ |
| উন্নয়ন | ৬৭১৫৩৩.০০ | ৮০০৬৬৩.০০ | ৮৭৭০১২.০০ |
| মোট | ৬৭১৮৮৪.০০ | ৮০১২৩৯.০০ | ৮৭৭৮১২.০০ |

### ২.৯.৪ ■ বার্ষিক উন্নয়ন কর্মসূচি

(লক্ষটাকায়)

| ক্রম. | প্রকল্পের নাম | ২০১৯-২০২০ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | | | জুন ২০২০ পর্যন্ত অগ্রগতি (শতকরা) | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | প্রকল্প সাহায্য (আরপিএ) | মোট | জিওবি | প্রকল্প সাহায্য (আরপিএ) |
| ১। | পদ্মা বহুমুখী সেতু নির্মাণ (২য় সংশোধিত) | ৪০১৩০২.০০ | ৪০১৩০২.০০ | - | ৩৯৯৭৯৪.৪৯ | ৩৯৯৭৯৪.৪৯ | - |
| ২। | সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রজেক্ট | ২৫৩৬২.০০ | ২৫৩৬২.০০ | - | ২৫৩৪২.১৩ | ২৫৩৪২.১৩ | - |
| ৩। | কর্ণফুলী নদীর তলদেশে বহুলেন সড়ক টানেল নির্মাণ | ১৪৪৩১৮.০০ | ৫৬৪৬২.০০ | ৮৭৮৫৬.০০ | ১৪৪৩৭৭.০১ | ৫৬৫২১.০১ | ৮৭৮৫৬.০০ |
| ৪। | ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ | ৯২৬৯৯.০০ | ৯২৬৯৮.০০ | ১.০০ | ৯২৬৮০.৭৯ | ৯২৬৮০.৭৯ | - |
| ৫। | ঢাকা শহরে সাবওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা | ৪৪৭২.০০ | ৪৪৭২.০০ | | ৪৪৫৯.৩৯ | ৪৪৫৯.৩৯ | - |
| | মোট | ৬৬৮১৫৩.০০ | ৫৮০২৯৬.০০ | ৮৭৮৫৭.০০ | ৬৬৬৬৫৩.৮১ (৯৯.৭৭) | ৫৭৮৭৯৭.৮১ (৯৯.৭৪) | ৮৭৮৫৬.০০ (১০০) |

### ২.৯.৫ পরিচালন বাজেট

২০১৯-২০২০ অর্থবছরে সেতু বিভাগের জন্য বরাদ্দকৃত ৩৫১.০০ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয় ২৫১.০০ লক্ষ টাকা; যা মোট বরাদ্দের ৭১.৫০%।

### ২.৯.৬ তথ্য প্রযুক্তির উন্নয়ন

তথ্য প্রযুক্তির উন্নয়নে সেতু বিভাগ বিশেষ গুরুত্ব দিয়েছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন বঙ্গবন্ধু সেতু এবং মুক্তারপুর সেতুতে আধুনিক প্রযুক্তিগত সুবিধাসহ স্বয়ংক্রিয় টোল কালেকশন পদ্ধতিতে টোল সংগ্রহ পদ্ধতি চালু রয়েছে। তাছাড়া, টোল আদায় কার্যক্রমে অনলাইন মনিটরিং ব্যবস্থা এবং সেতু দিয়ে চলাচলকারী যানবাহনসমূহের ওজন নিয়ন্ত্রণে স্বয়ংক্রিয় ওজন স্টেশন চালু রয়েছে। টেন্ডার প্রক্রিয়ায় নানা ধরণের প্রতিবন্ধকতা দূর করার জন্য সেতু বিভাগ অধীনস্থ সংস্থা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষে ই-জিপি পদ্ধতিতে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হচ্ছে। অন্যদিকে তথ্যাদি সংগ্রহেও ডিজিটাল পদ্ধতি চালুর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এছাড়া, অত্যন্ত সহজবোধ্যভাবে Online Grievance Redress System (GRS) পদ্ধতি প্রবর্তন করা হয়েছে। এর ফলে যে কেউ পৃথিবীর যে কোন প্রান্ত থেকে অনলাইনে অভিযোগ দায়ের করতে পারে। তাছাড়া, অফিস অটোমেশনের অংশ হিসেবে ই-নথি, ই-রিক্রুটমেন্ট সিস্টেম চলমান রয়েছে।

#### ২.৯.৬.১ ই-সেবা

সু-সমন্বিত বিভিন্ন তথ্য প্রযুক্তিভিত্তিক ব্যবস্থা তৈরির মাধ্যমে বিদ্যমান সেবা সমূহকে প্রতি বছর নতুন ধরণের ই-সেবায় রূপান্তর করছে সেতু বিভাগ। ই-সেবার আওতায় গত ২০১৫-২০১৬ অর্থবছরে স্বয়ংক্রিয় টোল ব্যবস্থাপনা, ২০১৬-২০১৭ অর্থবছরে বঙ্গবন্ধু সেতুতে ওজন স্টেশন স্থাপন ও ই-টিকেটিং, ২০১৭-২০১৮ অর্থবছরে চাকুরীর আবেদন অনলাইনে গ্রহণের লক্ষ্যে ই-রিক্রুটমেন্ট সিস্টেম, ২০১৮-২০১৯ অর্থবছরে ডিজিটাল হাজিরা এবং ২০১৯-২০২০ অর্থবছরে টোল

আদায়ে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে ডিজিটাল সেবার অংশ হিসেবে সেতু বিভাগের অধীন টাংগাইলস্থ বঙ্গবন্ধু সেতুতে Automatic Vehicle Counter and Traffic Analyzer নামের কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পন্ন একটি সিস্টেম স্থাপন করা হয়েছে। উক্ত সিস্টেমটি ১৫ ফেব্রুয়ারী ২০২০ তারিখ হতে চলমান রয়েছে। বঙ্গবন্ধু সেতুর টোল আদায় কাজে ব্যবহৃত সিস্টেমে সঠিকভাবে প্রতিটি গাড়ির টোল আদায় হচ্ছে কিনা সেটি যাচাইয়ের জন্য গাড়ির সংখ্যা নির্ণয়ের উদ্দেশ্যে বর্তমান সিস্টেমের সমান্তরালে টোলের লেনগুলিতে Automatic Vehicle Counter and Traffic Analyzer সিস্টেম স্থাপন করা হয়েছে। সিস্টেমটি একটি ভিডিওভিত্তিক কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন সিস্টেম যা ভিডিও ক্যাপচার করে পূর্বে নির্ধারণকৃত তথ্যের উপর ভিত্তি করে সেতু পারাপার মুহূর্তে গাড়িটির শ্রেণী নির্ধারণসহ গণনা করে। গণনার রেকর্ড সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে সংরক্ষিত হয়। সিস্টেমটি সেতুর উভয় পাড়ে স্থাপন করা হয়েছে। সিস্টেমটি বাস্তবায়নের ফলে টোল অপারেটর কর্তৃক গণনাকৃত গাড়ির সাথে এই সিস্টেমের গাড়ির গণনা মেলানোর সুযোগ আছে। ফলে টোল আদায় সিস্টেমের মাধ্যমে আদায়কৃত টোলের স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হচ্ছে। টোল প্রদানকারী সকল ব্যক্তি এ থেকে উপকার পাচ্ছেন।

### ২.৯.৬.২ সেবা সহজীকরণ

জনগণের দোরগোড়ায় সেবাসমূহ পৌঁছে দিতে সরকারী বিভিন্ন দপ্তরের নাগরিক, দাপ্তরিক ও অভ্যন্তরীণ সেবা প্রদানের বিদ্যমান ব্যবস্থা আরো সহজ ও দ্রুততর করা আবশ্যক। সেতু বিভাগে গত ২০১৫-২০১৬ অর্থবছরে টোল গ্রহণ সহজীকরণ, ২০১৬-২০১৭ অর্থবছরে প্রত্যাশী ব্যক্তি/সংস্থার ভ্যাট/আইটি কর্তনের প্রত্যয়ন পত্র প্রদান সেবা সহজীকরণ, ২০১৭-২০১৮ অর্থবছরে পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের ক্ষতিগ্রস্তদের অতিরিক্ত নগদ সহায়তা প্রদান (অনুদান) সেবা সহজীকরণ, ২০১৮-২০১৯ অর্থবছরে বঙ্গবন্ধু সেতু ভূমি ব্যবস্থাপনা ও ইজারা প্রদান সহজীকরণ, ২০১৯-২০২০ অর্থবছরে সেতু বা স্থাপনা পরিদর্শনের অনুমতি প্রদান সহজীকরণ এবং বঙ্গবন্ধু সেতু এলাকার ল্যান্ড ম্যানেজমেন্ট সহজীকরণ করা হয়েছে। এ সিস্টেমে বঙ্গবন্ধু সেতু এলাকায় বর্তমান ল্যান্ড ইউজ, Investment Plan (Phase Wise) and Web Base LIS tools সম্পর্কে ধারণা প্রদান করা হয়েছে। এছাড়া, প্রতিটি ইজারা ও বিস্তারিত দাগসূচিসহ তথ্য সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর মাধ্যমে সহজেই লীজকৃত এলাকা, লীজবিহীন এলাকা, লীজের আয়, লীজ গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম ঠিকানা সম্পর্কে তথ্যসহ রিপোর্ট তৈরি করা সম্ভব হচ্ছে এবং সেতু কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অতিদ্রুত সম্পত্তির হালনাগাদ তথ্য ও লীজ সম্পর্কে জানতে পারছেন। এ সেবাটি দাপ্তরিক সেবা হলেও নাগরিক সেবার অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণে অত্যন্ত আবশ্যক।

### ২.৯.৬.৩ ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প

সেতু বিভাগে ক্ষুদ্র উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৫-২০১৬ অর্থবছরে কিক অফ মিটিং, ২০১৬-২০১৭ অর্থবছরে অনলাইন প্রবেশ পাশ, ২০১৭-২০১৮ অর্থবছরে উৎসে আয়কর ও ভ্যাট পরিশোধের প্রত্যয়নপত্র অনলাইনে প্রদান, ২০১৮-২০১৯ অর্থবছরে আইডিয়া বক্স ও সচেতনতামূলক পোস্টার, ২০১৯-২০২০ অর্থবছরে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণে KIOSK পদ্ধতি এবং সেতু ভবনের কনফারেন্স রুম স্থাপন বাস্তবায়ন করা হয়েছে। সেতু ভবনে পদ্মা বহুমুখী সেতু প্রকল্পসহ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহের দপ্তরের অফিস রয়েছে। কিন্তু সেতু ভবনে একটিমাত্র কনফারেন্স রুম থাকায় সকল সভা যথাসময়ে আয়োজন করা কষ্টসাধ্য হতো। কর্মপরিবেশ উন্নয়নের স্বার্থে সেতু ভবনের বর্ধিত অংশে ক্ষুদ্র উন্নয়ন প্রকল্পের আওতায় গত ০২ ফেব্রুয়ারী ২০২০ তারিখে একটি পৃথক কনফারেন্স রুম স্থাপন করা হয়। উক্ত কনফারেন্স রুমে মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ পর্যাপ্ত ওয়াইফাই ইন্টারনেটের ব্যবস্থা রয়েছে। এই ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ফলে সভা আয়োজন ও চুক্তিস্বাক্ষর অনুষ্ঠান আয়োজনের বিষয়টি সহজতর হয়েছে ও কর্মপরিবেশের মানও অনেক উন্নত হয়েছে।

### ২.৯.৬.৪ ■ উদ্ভাবন

সেতু বিভাগের উদ্ভাবন কার্যক্রমের আওতায় অত্যন্ত সহজবোধ্যভাবে Online Grievance Redress System (GRS), Vehicle Tracking System, বিনষ্টযোগ্য কাগজের পুনর্ব্যবহার বক্স, ইলেকট্রনিক পাবলিক ডিসপ্লে বোর্ড, সেতু ভবনের আঙিনায় সৌন্দর্যবর্ধণ, সেতু ভবনের বিভিন্ন জায়গায় কক্ষ নির্দেশিকা ইত্যাদি ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে।

### ২.৯.৭ ICT প্রশিক্ষণ ও ই-নথি বাস্তবায়ন

সেতু বিভাগের সকল অধিশাখায় ইলেকট্রনিক পদ্ধতিতে (ই-ফাইলিং) নথি ব্যবস্থাপনা কার্যক্রম চলমান রয়েছে। এ কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ই-ফাইলিং-এর অগ্রগতি প্রতিবেদন মনিটরিং করা হচ্ছে এবং একই সাথে এটুআই কর্তৃক প্রকাশিত সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের মাসিক এবং পাক্ষিক ই-ফাইলিং রিপোর্ট পর্যবেক্ষণের পাশাপাশি মাসিক সমন্বয়সভায় তা উপস্থাপন করা হচ্ছে। সেতু বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিতভাবে ICT ও ই-ফাইলিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এছাড়া, সেতু বিভাগের ফেসবুক পেইজও চালু রয়েছে।

## ২.১০ আইন, বিধি ও নীতিমালা

০১. যমুনা সেতু কর্তৃপক্ষ অধ্যাদেশ, ১৯৮৫ (১৯৮৫ সনের ৩৪ নং অধ্যাদেশ)
০২. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আইন, ২০১৬
০৩. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট বিধিমালা, ২০১০ (সংশোধিত ১৫ নভেম্বর ২০১৬)
০৪. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মচারী কল্যাণ নীতিমালা, ২০১৯
০৫. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০২০
০৬. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এর সম্পত্তি ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০০৮
০৭. পদ্মা বহুমুখী সেতু প্রকল্প (ভূমি অধিগ্রহণ) আইন, ২০০৯
০৮. ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প (ভূমি অধিগ্রহণ) আইন, ২০১১
০৯. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মালিকানাধীন জমিতে বিজ্ঞাপন প্রচারের জন্য জমি ও স্থাপনা অস্থায়ীভাবে বরাদ্দ দেয়ার লক্ষ্যে প্রণীত নির্দেশিকা
১০. বিজ্ঞাপন প্রচারের জন্য জমি ও স্থাপনা অস্থায়ীভাবে বরাদ্দ দেয়ার লক্ষ্যে প্রণীত নির্দেশিকা
১১. ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের চূড়ান্ত পুনর্বাসন অ্যাকশন প্ল্যান, ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরণ ও পূনর্বাসন পুস্তিকা এবং
১২. পুনর্বাসন পুস্তিকা।

## ২.১১ তথ্য অধিকার

তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে প্রণীত ও তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা ২(ক)(আ) অনুযায়ী আপিল কর্তৃপক্ষ এবং উক্ত আইনের ১০ ধারা অনুযায়ী তথ্য প্রদানের জন্য সেতু বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিয়মিত কাজ করে যাচ্ছেন। কোন আবেদন পাওয়া গেলে জরুরীভিত্তিতে আইন অনুযায়ী তথ্য সরবরাহ করা হয়। কোন আবেদন পেন্ডিং থাকে না।



## আপীল কর্তৃপক্ষ

মোহাম্মদ বেলায়েত হোসেন, সচিব, সেতু বিভাগ
ফোন: ৫৫০৪০৩৩৩, ফ্যাক্স: ৫৫০৪০৪৪৪
ই-মেইল: secretary@bridgesdivision.gov.bd
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২



## দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

এইচ এম রকিব হায়দার, উপসচিব (প্রশাসন), সেতু বিভাগ
ফোন: ৫৫০৪০৩৫১, ফ্যাক্স: ৫৫০৪০৪৪৪
মোবাইল: ০১৫৫৬৩৪০৬০২
ই-মেইল: raqibhayder@yahoo.com
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২



## বিকল্প কর্মকর্তা

তরফদার সোহেল রহমান
সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন), সেতু বিভাগ
ফোন: ৫৫০৪০৩৫৩, ফ্যাক্স: ৫৫০৪০৪৪৪
মোবাইল: ০১৭১১১৬৯৬০৩
ই-মেইল: rahman16132@yahoo.com
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২

## ২.১২ অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা যাবে। উক্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে যেকোন সমস্যা সম্পর্কে অবহিত করা যাবে। সেতু বিভাগের ওয়েব পোর্টাল: http://www.bridgesdivision.gov.bd এবং GRS লিঙ্ক: http://www.bba.gov.bd/grs।

| ক্রমিক | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) পদবী: যুগ্মসচিব (প্রশাসন) | সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা ১২১২<br>ফোন: ৫৫০৪০৩০৮<br>ইমেইল: jsadmin@bridgesdivision.gov.bd<br>ওয়েব পোর্টাল: http://www.bridgesdivision.gov.bd/<br>GRS লিঙ্ক: http://www.bba.gov.bd/grs/ | ৩০ কার্যদিবস |
| ২. | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | আপিল কর্মকর্তা পদবী: অতিরিক্ত সচিব (উন্নয়ন) | সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা ১২১২<br>ফোন: ৫৫০৪০৩০৯<br>ইমেইল: mdobaidulhuq85@gmail.com | ৩০ কার্যদিবস |
| ৩. | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | অভিযোগ গ্রহণ কেন্দ্র<br>৫নং গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা<br>www.grs.gov.bd | ৩০ কার্যদিবস |

## ২.১৩ ২০১৯-২০২০ অর্থবছরে কর্মরত ১-৯ গ্রেডের কর্মকর্তাগণের নামের তালিকা

২০১৯-২০২০ অর্থবছরে সেতু বিভাগে কর্মরত ১-৯ গ্রেডের কর্মকর্তার তালিকা নিম্নরূপ ঃ

| ক্রম. | কর্মকর্তার নাম ও পদবী | অফিস টেলিফোন/মোবাইল |
|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন, সচিব | ৫৫০৪০৩৩৩, ০১৭০০ ৭১৬৩০০ |
| ২। | জনাব এস এম মাজহারুল ইসলাম, সচিবের একান্ত সচিব ও উপসচিব | ৫৫০৪০৩২০, ০১৭০০৭১৬৩১১ |
| ৩। | জনাব মোঃ আনোয়ার হোসেন, অতিরিক্ত সচিব | ৫৫০৪০৩০৯ |
| ৪। | জনাব এস এম আলম, যুগ্ম সচিব (প্রশাসন) | ৫৫০৪০৩০৮, ০১৭০০ ৭১৬৩০৬ |
| ৫। | জনাব রশিদুল হাসান, যুগ্ম সচিব (উন্নয়ন) | ৫৫০৪০৩৬০ |
| ৬। | জনাব রাহিমা আক্তার, উপসচিব (উন্নয়ন) | ৫৫০৪০৩৫২ |
| ৭। | জনাব মুহাম্মদ রেজায়ে রাব্বী, উপসচিব (বাজেট) | ৫৫০৪০৩৪৩ |
| ৮। | জনাব এইচ এম রকিব হায়দার, উপসচিব (প্রশাসন) | ৫৫০৪০৩৫১ |
| ৯। | জনাব তরফদার সোহেল রহমান, সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) | ৫৫০৪০৩৫৩ |
| ১০। | জনাব শরিফুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) | ০১৭১২২৬৬১৩৬ |